

এআইইউবিতে ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

প্রেস রিলিজ

৮ জুন ২০২৩ ০৬:২৯ পিএম | আপডেট: ৮ জুন ২০২৩ ০৬:২৯ পিএম



এআইইউবিতে ওরিয়েন্টেশন অনুষ্ঠিত। ছবি: সংগৃহীত

advertisement..

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশে (এআইইউবি) নবাগত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার এই ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানটি বিভিন্ন অনুষদের নবাগত শিক্ষার্থীদের নিয়ে ৬টি সেশনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নবাগত ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের নিয়মনীতি সম্পর্কে অবহিত করা হয়।

advertisement

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এআইইউবির প্রতিষ্ঠাতা সদস্য ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ইশতিয়াক আবেদীন। তিনি নবাগত শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন ও নবাগত শিক্ষার্থীদের ও শিক্ষার্থীদের অভিভাবকদের ত্যাগের কথা উল্লেখ করে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং শিক্ষা জীবনে তাদের সাফল্য কামনা করেন।

এছাড়া অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্য, রেজিস্ট্রার, প্রক্টর, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক-শিক্ষিকা, বিপুল সংখ্যক ছাত্রছাত্রী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।